

দুঃখের তিমিরে যদি জ্বলে তব মঙ্গল-আলোক
তবে তাই হোক ।

মৃত্যু যদি কাছে আনে তোমার অমৃতময় লোক
তবে তাই হোক ॥

পূজার প্রদীপে তব জ্বলে যদি মম দীপ্ত শোক
তবে তাই হোক ।

অক্ষ-আঁখি- 'পরে যদি ফুটে ওঠে তব স্নেহচোখ
তবে তাই হোক ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Gour-Sarang-Iman
Visit www.geetabitan.com for notation and other detail